বিষয় কোড | ১ | ৪ | ৬ |

# এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় : হিসাববিজ্ঞান (সৃজনশীল)

**সময় : ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ ক অংশের ২টি এবং খ অংশ থেকে যে কোন ৪টিসহ মোট ৬টি প্রশ্নের উত্তর দাও ]**

### ক বিভাগ

**প্রশ্ন-১.** রশিদ এন্ড কোং ২০১৩ সালে ব্যবসায় করে ৯৫,০০০ টাকা মোট মুনাফা করেন। ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখের উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিল ও অন্যান্য তথ্যগুলো নিম্নরূপ –

| ক্র: নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | দেনাদার ও পাওনাদার | | ৪০,০০০ | ৩০,০০০ |
| ২ | উত্তোলন ও মূলধন | | ২০,০০০ | ১,১০,০০০ |
| ৩ | বাট্টা | | ৪,০০০ | ৮,০০০ |
| ৪ | ৬% লগ্নি (১-১-১৩) ও ১০% ঋণ (১-৭-১৩) | | ৩০,০০০ | ৫০,০০০ |
| ৫ | বেতন ও মজুরি (১০ মাস) | | ১৫,০০০ | - |
| ৬ | ভাড়া (১৫ মাস) | | ১৫,০০০ | |
| ৭ | মনিহারি ও লভ্যাংশ প্রাপ্তি | | ১০,০০০ | ১২,০০০ |
| ৮ | ইজারা সম্পত্তি | | ৫০,০০০ | - |
| ৯ | বিজ্ঞাপন (তিন বৎসরের জন্য) | | ১৫,০০০ | - |
| ১০ | ব্যাংক চার্জ ও ব্যাংক সুদ | | ২,০০০ | ১০,০০০ |
| ১১ | হাতে নগদ | | ১৯,০০০ | |
| | মোট | | ২,২০,০০০ | ২,২০,০০০ |

**সমন্বয়সমূহ:** (১) সমাপণী মজুদ পণ্যের ক্রয় মূল্য ১,১৩,৮০০ টাকা, কিন্তু বাজার মূল্য ১,১৫,০০০ টাকা (২) উত্তোলন ও মূলধনের উপর ৫% সুদ ধরতে হবে। (৩) দেনাদারের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। (৪) ভোক্তাদের মধ্যে বিনামূল্য পণ্য বিবতরণ ৩,০০০ টাকা

ক. পরিচালন ব্যয় এর পরিমাণ কত? ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখের সমাপ্ত বৎসরের জন্য বিশদ আয় বিবরণী তৈরি করো। ৪

গ. রশিদ এন্ড কোং ৩১ ডিসেম্বর তারিখে ছক ব্যবহার করে সম্পদ ও দায়ের পরিমাণ নিরুপন করো। ৪

**প্রশ্ন-২.** নবরূপা ফ্যাশন হাউজ ২০১২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে নিম্নলিখিত রেওয়ামিলের তথ্য দিয়ে থাকে –

| ক্র. নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ২৪,০০০ | ১,৬৭,০০০ |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ৫২,০০০ | ৭৫,০০০ |
| ৩. | ব্যাংকে জমা | | ২০,০০০ | |
| ৪. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| ৫. | বিজ্ঞাপন | | ৪০,০০০ | |
| ৬. | দেনাদার ও পাওনাদার | | ৩৫,০০০ | ২৮,০০০ |
| ৭. | অবচয় সঞ্চিতি – যন্ত্রপাতি | | | ৪,০০০ |
| ৮. | ভাড়া (৮ মাস) | | ৮,০০০ | |
| ৯. | যন্ত্রপাতি | | ৫০,০০০ | |
| ১০. | নগদ তহবিল | | ১৫,০০০ | |
| ১১. | আসবাবপত্র | | ২০,০০০ | |
| ১২. | ১২% বন্ধকী ঋণ (৩০-৯-২০১২) | | | ৩০,০০০ |
| ১৩. | বিদ্যুৎ খরচ | | ১৫,০০০ | |
| | | | ৩,০৪,০০০ | ৩,০৪,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা। ২. অতিরিক্ত মূলধন আনয়ন ১০,০০০ টাকা। ৩. বিজ্ঞাপনের $^1/_4$ অংশ অবলোপন করতে হবে। ৪. ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত চেক, হিসাবভুক্ত হয়নি ৫,০০০ টাকা। ৫. অনাদায়ী পাওনা আদায় যা হিসাবভুক্ত হয়নি ২,০০০ টাকা।

ক. নবরূপা ফ্যাশন হাউজের মোট নগদ তহবিলের পরিমাণ কত? ২

খ. প্রতিষ্ঠানের মোট মুনাফা ৩৩,০০০ টাকা হলে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ দেখাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ ও চলতি সম্পদের পরিমাণ পৃথক করো। ৪

### খ বিভাগ

**প্রশ্ন-৩.** মি. আফজাল চৌধুরীর লেনদেনসমূহ নিম্নরূপ –

১. ব্যবসায় মূলধন বিনিয়োগ করা হলো ৮০,০০০ টাকা।
২. সুহানী ট্রেডার্সের নিকট থেকে আলমারি ক্রয় ৪৮,০০০ টাকা।
৩. ধারে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা।
৪. ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।
৫. ৮,০০০ টাকা ভাড়া প্রদান করা হবে।

ক. স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনসমূহ দ্বারা হিসাব সমীকরণের উপাদানগুলোর হ্রাস-বৃদ্ধি দেখাও। ৪

গ. লেনদেন সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিন্যাস করো। ৪

**প্রশ্ন-৪.** জনাব সালাম একজন ব্যবসায়ী। ২০১৪ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ –

২০১৪ ইং

মার্চ-১ 'মা কম্পিউটারস'-এর নিকট প্রতিটি ৩০০০০ টাকা দরে ১০টি কম্পিউটার বিক্রয় করেন। কারবারি বাট্টা ৮%, চালান নং- ৭২২, বহন খরচ ২২০০ টাকা।

মার্চ-৭ ব্যাংকে থেকে উত্তোলন ৭০০০০ টাকা।

মার্চ-১০ 'শাপলা কম্পিউটারস'-এর নিকট প্রতিটি ২৯০০০ টাকা দরে ৭টি কম্পিউটার বিক্রয় করেন। চালান নং-৮০৭, প্যাকিং খরচ ৭৫০ টাকা, কারবারি বাট্টা ৬.৫%।

মার্চ-১৫ মনিহারি দ্রব্য ক্রয় ৭০০ টাকা।

মার্চ-২০ নষ্ট থাকায় ১টি কম্পিউটার 'মা কম্পিউটারস' থেকে ফেরত পাওয়া গেল। ডেবিট নং- ৪০৬।

মার্চ-২৫ ব্যক্তিগত প্রয়োজনে কারবার থেকে পন্য উত্তোলন ১০০০ টাকা।

মার্চ-৩১ প্রচারের জন্য ব্যয় ২০০০ টাকা।

ক. মার্চ মাসের তথ্য অবলম্বনে একটি ক্রেডিট নোট তৈরি করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি বিক্রয় জাবেদা তৈরি করো। ৪

গ. মার্চ মাসের ৭, ১৫, ২৫ ও ৩১ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

**প্রশ্ন-৫.** জনাব সোহেল একজন ব্যবসায়ী। ২০১৪ সালের জুলাই মাসে তার ব্যবসায়ে তথ্যসমূহ নিম্নরূপ –

২০১৪ইং

জুলাই ১ ১,২০,০০০ টাকা কারবার আরম্ভ করেন।

জুলাই ২ ধারে অফিসের জন্য যন্ত্রপাতি ক্রয় ২৭৫০ টাকা।

জুলাই ৯ চেক দ্বারা পণ্য ক্রয় ৮,০০০ টাকা।

জুলাই ১৯ ব্যক্তিগত তহবিল তহবিল থেকে ছেলের স্কুলের বেতন প্রদান ১২০০ টাকা।

জুলাই ২৯ যন্ত্রপাতির মূল্য পরিশোধ ১৯,০০০ টাকা।

জুলাই ৩১ চেক মারফত আমিন ব্রাদার্সের নিকট ২৫,০০০ টাকার পণ্য বিক্রয়।

ক. অফিস সরঞ্জামের অপরিশোধিত মূল্য কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনের সাহায্যে E-এর পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের দ্বারা হিসাব সমীকরণের উপাদানের প্রভাব দেখাও। ৪

**প্রশ্ন-৬.** জনাব নাফিজের নিম্নলিখিত লেনদেনগুলো ২০১৩ সালের ডিসেম্বর মাসের সংঘটিত হয়েছে –

২০১৩ইং

ডিসে. ১ নগদ তহবিল ৫০,০০০ টাকা এবং ব্যাংকে জমা ৪০,০০০ টাকা।

" ২ আলমের নিকট মাল বিক্রয় নগদে ৫,০০০ টাকা এবং চেকে ৪০,০০০ টাকা। চেকটি সঙ্গে সঙ্গে ব্যাংকে জমা দেয়া হলো।

" ৪ কামালের নিকট থেকে ক্রয় ২০,০০০ টাকা।
" ৮ হাফিজের নিকট নগদ বিক্রয় ১২,০০০ টাকা।
" ১০ নগদ বিক্রয় ২০,০০০ টাকা বাদ কারবারি বাট্টা ৫%।
" ১৩ নগদ ক্রয় ৫০,০০০ টাকা, ১০% কারবারি বাট্টা পাওয়া গেল।
" ১৯ সালামের নিকট দেনা ২১,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ২০,০০০ টাকার চেক দেয়া হলো।
" ২৭ ব্যাংকে জমা ৫,০০০ টাকা রেখে বাকি টাকা উত্তোলন করে নগদ তহবিলে সংরক্ষণ করা হলো।

ক. ডিসেম্বর মাসের কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৮ তারিখের লেনদেন অবলম্বনে একটি ক্যাশমেমো তৈরি করো। ৪
গ. উপরোক্ত লেনদেনগুলোর সাহায্যে উপযুক্ত নগদান বই তৈরি করো। ৪

**প্রশ্ন-৭.** জীবিকা এন্ড কোং-এর নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তগুলো নিয়ে ২০১৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে একটি অশুদ্ধ রেওয়ামিল প্রস্তুত করা হয়েছে –

**রেওয়ামিল**

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সালের

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মূলধন আনয়ন | | | ৪৫,০০০ |
| ২. | বন্ধকী সম্পত্তি | | | ১,৫০,০০০ |
| ৩. | খরিদ্দারের কাছে পাওনা | | | ১০,০০০ |
| ৪. | হস্তান্তরজনিত মুনাফা | | ৩০,০০০ | |
| ৫. | সম্পত্তি মূল্যায়ন জনিত ক্ষতি | | | ৩,০০০ |
| ৬. | অগ্রিম ভ্যাট | | | ৭,৫০০ |
| ৭. | প্রদেয় ভ্যাট | | | ৩,৫০০ |
| ৮. | আগাম ভাড়া | | ৭৫,০০০ | |
| ৯. | ৮% হারে প্রতিরক্ষা সঞ্চয়পত্র | | | ৫,০০০ |
| ১০. | দাবিহীন সম্পত্তি | | | ৪০,০০০ |
| ১১. | খাজনা বকেয়া | | ৫,০০০ | |
| ১২. | বিনিয়োগ প্রতিপূরক ফান্ড | | ৩৮,০০০ | |
| ১৩. | অফিস ইকুইপমেন্ট | | | ৫,০০০ |
| ১৪. | অনিশ্চিত হিসাব | | ১,২১,০০০ | |
| | | | ২,৬৯,০০০ | ২,৬৯,০০০ |

ক. জীবিকা এন্ড কোং-এর চলতি দায়সমূহ চিহ্নিত করো। ২
খ. অশুদ্ধ রেওয়ামিলটি শুদ্ধ করে তৈরি করো। ৪
গ. উক্ত উদ্বৃত্তগুলো থেকে স্থায়ী সম্পত্তি ও দীর্ঘমেয়াদি দায় এর পরিমাণ নির্ণয় করো। ৪

**প্রশ্ন-৮.** নাবিল জেনারেল স্টোরস বরিশাল থেকে প্রতি কেজি ৩৫ টাকা দরে ৫০ কুইন্টাল মিনিকেট চাল ক্রয় করে। এর জন্যে গাড়ি ভাড়া ৩,০০০ টাকা; কুলির মজুরি ১,৫০০ টাকা; গুদাম ভাড়া ২,০০০ টাকা; কর্মচারীর বেতন ৪,০০০ টাকা; যাতায়াত খরচ ৫০০ টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ ১,০০০ টাকা ব্যয় করে। উক্ত প্রতিষ্ঠান প্রতি কেজি চালে ৫ টাকা লাভ করতে আগ্রহী।

ক. নাবিল জেনারেল স্টোরস এর প্রতি কেজি চালের ক্রয়মূল্য কত? ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে প্রতিষ্ঠানের মোট ব্যয় নিরূপণ করো। ৪
গ. যদি মোট ব্যয় ৫% বৃদ্ধি পায় তবে প্রতি কেজি চালের বিক্রয়মূল্য কত হবে? ৪

**প্রশ্ন-৯.** জনাব সানোয়ার ২০১৩ সালের জুন মাসে ৩টি দুধের গাভী বাছুরসহ ক্রয় করে পাঁচ বছর মেয়াদি একটি দুগ্ধ খামার প্রকল্প চালু করেন। ২০১৩ইং জুন মাসে সংঘটিত ব্যয়সমূহ –

| বিবরণ | টাকা |
|---|---|
| জমি ইজারা (৫ বছরের) | ৫০,০০০ |
| গাভী ক্রয় (৩ × ৪০,০০০) | ১,২০,০০০ |
| গোয়াল ঘর নির্মাণ | ২০,০০০ |
| অন্যান্য প্রাথমিক খরচাবলি | ১০,০০০ |
| প্রতি বছর সংঘটিত ব্যয়গুলো হলো: | |
| গাভীর খাবার (৭,০০০ × ৩) | ২১,০০০ |
| বাছুরের খাবার | ৫,০০০ |
| বার্ষিক ঔষধপত্র ও অন্যান্য খরচ | ২০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি:** ১. দৈনিক প্রতিটি গাভী ১২ লিটার করে বছরে ৩০০ দিন দুধ দেয়। প্রতি লিটার দুধের দাম ২৫ টাকা। ২. প্রাথমিক খরচাবলি এবং গোয়াল ঘরের ওপর যথাক্রমে ২০% এবং ২৫% অবচয় ধার্য করতে হবে।

ক. জনাব সানোয়ারের দুগ্ধ খামার প্রকল্পের মোট আয় নির্ণয় করো। ২
খ. দুগ্ধ খামার প্রকল্পে বিনিয়োগকৃত মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. গাভী পালনে আবর্তক ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

## উত্তরমালা

১. (ক) ৫২,০০০ টাকা। (খ) ৬৫,৮০০ টাকা। (গ) ২,৬৫,৮০০ টাকা।
২. (ক) ২৭,০০০ টাকা। (খ) ২,৯০০ টাকা। (গ) ৬৬,০০০ টাকা এবং ১,৪৭,০০০ টাকা।
৩. (ক) ১,৩৫,০০০ টাকা।
৪. (ক) ২৭৬০০ টাকা। (খ) ৪৬৮৭৫৫ টাকা। (গ) ৭৩৭০০ টাকা।
৫. (ক) ৭,৫০০ টাকা। (খ) ১,৩৭,০০০ টাকা।
৬. (ক) ৬,০০০ টাকা। (গ) নগদ উদ্বৃত্ত ৯৬,০০০ টাকা, ব্যাংক জমা ৫,০০০ টাকা এবং বাট্টা (Cr.) ১,০০০ টাকা।
৭. (ক) ৮,৫০০ টাকা। (খ) রেওয়ামিলের যোগফল ২,২০,৫০০ টাকা ও অনিশ্চিত হিসাব (ক্রেডিট) ২৪,০০০ টাকা। (গ) মোট স্থায়ী সম্পত্তি ১,৯৫,০০০ টাকা ও দীর্ঘমেয়াদি দায় ৪৫,০০০ টাকা।
৮. (ক) ৩৫.৯০ টাকা। (খ) ১,৮৭,০০০ টাকা। (গ) ৪৪.২৭ টাকা।
৯. (ক) ২,৭০,০০০ টাকা। (খ) ২,০০,০০০ টাকা। (গ) ৬৩,০০০ টাকা।

বিষয় কোড | ১ | ৪ | ৬ |

এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট বিষয় ঃ হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি) পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. যে সকল লেনদেন নিয়মিত সংঘটিত হয় তাকে কী বলে?**
ক মুনাফা জাতীয় লেনদেন
খ মূলধনায়িত লেনদেন
গ মূলধন জাতীয় লেনদেন
ঘ সম্পত্তিবাচক লেনদেন

**২. ব্যবসায়ের দালান সম্প্রসারণ ব্যয় কোন প্রকার ব্যয়?**
ক মুনাফা জাতীয় ব্যয়
খ মূলধন জাতীয় ব্যয়
গ মুনাফা এবং মূলধন উভয় জাতীয় ব্যয়ই হতে পারে
ঘ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

**৩. বিক্রয় পরিবহন মুনাফা জাতীয় ব্যয় হবার কারণ কোনটি?**
ক ইহা নিয়মিত ও স্বল্পকালীন খরচ
খ ইহা আবর্তক খরচ
গ ইহা ক্ষণস্থায়ী খরচ
ঘ ইহা অপরিচালন খরচ

**উদ্দীপকটি পড়ো এবং ৪-৫ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. রফিক ১লা জুলাই ১,০০,০০০ টাকা ব্যাংকে জমা নিয়ে ব্যবসায় শুরু করেন। ৫ তারিখে রাজীবকে ৫,০০০ টাকার একটি বিলে স্বীকৃতি দেন। ১০ তারিখে বাজারে পণ্যের মূল্য বৃদ্ধি পায় এবং কর হার বৃদ্ধি পায়। ১৫ তারিখে ৫০,০০০ টাকার ঋণ গ্রহণের জন্যে ব্যাংকে আবেদন করেন।

**৪. জুলাই মাসের ১ তারিখের ঘটনাটি হিসাব সমীকরণে কী প্রভাব ফেলে?**
ক A বৃদ্ধি পায় ও E হ্রাস পায়
খ A হ্রাস পায় ও E বৃদ্ধি পায়
গ A হ্রাস পায় ও L বৃদ্ধি পায়
ঘ A ও E বৃদ্ধি পায়

**৫. জুলাই মাসের ৫ তারিখের ঘটনাটি সমীকরণে কী প্রভাব রাখে?**
ক A হ্রাস ও বৃদ্ধি খ A বৃদ্ধি ও E বৃদ্ধি
গ E হ্রাস ও বৃদ্ধি ঘ L হ্রাস ও বৃদ্ধি

**৬. চালানে উল্লেখ থাকে —**
i. পণ্যের পরিমাণ দর
ii. মূল্য পরিশোধের শর্ত
iii. ক্রেতা ও বিক্রেতার নাম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. কোনটি হিসাব সমীকরণের বর্ধিত রূপ?**
ক $A = L + (C + R - E - D)$
খ $A = L - (C + R - E - D)$
গ $A = L + (C - R + E - D)$
ঘ $A = L + (C + R - E + D)$

**৮. পরিবারের সম্পদ বৃদ্ধি পায় —**
i. অনিয়মিত ব্যয়ের মাধ্যমে
ii. মুনাফাজাতীয় ব্যয়ের মাধ্যমে
iii. মূলধন জাতীয় ব্যয়ের কারণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. পারিবারিক তহবিল নির্ণয় করা হয় কীভাবে?**
ক প্রারম্ভিক সম্পদের সাথে প্রারম্ভিক দায় যোগ করে
খ প্রারম্ভিক সম্পদ থেকে প্রারম্ভিক দায় বাদ দিয়ে
গ মুনাফাজাতীয় আয় থেকে ব্যয় বাদ দিয়ে
ঘ যাবতীয় সম্পদ যোগ করে

**১০. আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প তৈরি ও পরিচালনায় কোনটি প্রয়োজন?**
ক সঠিক আয়-ব্যয় নির্ধারন
খ প্রকল্প বিশ্লেষণ
গ আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগ
ঘ বাজেট এবং যথার্থ হিসাবরক্ষণ

**১১. আর্থিক ফলাফল নির্ণয় হিসাববিজ্ঞানের কী?**
ক উদ্দেশ্য খ আওতা
গ প্রয়োজনীয়তা ঘ বিষয়বস্তু

**১২. সরকার রাজস্ব ব্যয় করে —**
i. উন্নয়নমূলক খাতে ii. জনসেবামূলক খাতে
iii. বেসরকারি খাতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. লুকা প্যাসিওলি কর্তৃক লিখিত গ্রন্থের নাম কী?**
ক একাউন্টিং ইন দি এনসেন্ট ইতালিয়া
খ ডি মর্ডান কনসেপ্ট অন একাউন্টিং
গ সুম্মা ডি এরিথমেটিকা জিওমেট্রিয়া প্রপোরশনিয়েট প্রপোরশনালিটা
ঘ একাউন্টিং ইন দি পাস্ট

**উদ্দীপকটি পড়ো এবং ১৪-১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

মুদ্রণ প্রিন্টার্সের স্বত্বাধিকারী জনাব বেলায়েত ২০১২ সালের ১লা সেপ্টেম্বর তারিখে নগদ ১,৫০,০০০ টাকা ও ২ জন কর্মচারী নিয়ে ব্যবসায় শুরু করেন। তিনি কর্মচারীর বেতন বাবদ ১৫,০০০ টাকা প্রদান করেন। কারবার সম্প্রসারণের জন্যে নভেম্বর মাসে আরো ২০,০০০ টাকা আনয়ন করেন। উক্ত সালে তিনি ৮০,০০০ টাকা প্রেস হতে আয় করেন এবং ১২,০০০ টাকা ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন করেন।

**১৪. জনাব বেলায়েত হোসেনের মূলধনের পরিমাণ কত?**
ক ২,৫০,০০০ টাকা খ ২,৩৮,০০০ টাকা
গ ১,৭০,০০০ টাকা ঘ ১,৫০,০০০ টাকা

**১৫. বেলায়েত হোসেনের মালিকানা স্বত্বের পরিমাণ কত?**
ক ১,৭০,০০০ টাকা খ ২,২৩,০০০ টাকা
গ ২,৩৮,০০০ টাকা ঘ ২,৫০,০০০ টাকা

**১৬. চলমান জের ছকের ক্ষেত্রে সঠিক উক্তি হচ্ছে —**
i. এতে হিসাবের একটি শিরোনাম থাকে
ii. এটি ডেবিট ও ক্রেডিট অংশে বিভক্ত
iii. এর অপর নাম চারঘরা খতিয়ান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. লুকা প্যাসিওলি কত সালে দু'তরফা দাখিলা পদ্ধতি ব্যাখ্যা করেন?**
ক ১৪৯৪ সালে খ ১৫৯৪ সালে
গ ১৬৯৪ সালে ঘ ১৭৯৪ সালে

**১৮. অর্থ সম্পর্কিত ঘটনা কীরূপ?**
ক নির্দিষ্ট ও সজ্জিত খ বৈচিত্রময়
গ পুরোনো ও বৈচিত্রময় ঘ অগণিত ও বৈচিত্র্যময়

**১৯. স্বয়ংসম্পূর্ণ শব্দের অর্থ কী?**
ক আলাদা খ স্বতন্ত্র
গ আলাদা ও স্বতন্ত্র ঘ সামঞ্জস্যহীন

**উদ্দীপকটি পড়ো এবং ২০-২১ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব মিঠুন, রাহাত এন্টার প্রাইজের দৈনন্দিন লেনদেন লিপিবদ্ধ করেন এবং মাসিক ৫,০০০ টাকা পর্যন্ত খরচ নির্বাহ করার ক্ষমতা রাখেন। কিন্তু ব্যবসার পরিধি বৃদ্ধি পাওয়ায় জুলাই মাসে তার ৬,০০০ টাকা খরচ হবে বলে ধারণা করছেন।

**২০. জুলাই মাসের খরচ বৃদ্ধিতে উক্ত ব্যবসায়ে কোনটি সর্বাধিক প্রভাবিত হবে?**
ক আর্থিক অবস্থায় খ ক্রয়-বিক্রয়
গ লাভ-ক্ষতিতে ঘ সঞ্চয় প্রবণতায়

২১. এ অবস্থায় জনাব মিঠুনকে দৃষ্টি দিতে হবে কোনটিতে?

ক) সঞ্চয় প্রবণতায় খ) বাজেট প্রণয়নে
গ) জবাব দিহিতায় ঘ) ব্যয় নিয়ন্ত্রণে

২২. নগদে পণ্য বিক্রয় ১০০০ টাকা। এখানে লেনদেনের কী প্রভাব পড়েছে?

ক) সম্পদ ও দায় বৃদ্ধি
খ) সম্পদহ্রাস ও ব্যয় বৃদ্ধি
গ) সম্পদ ও আয় বৃদ্ধি
ঘ) আয় হ্রাস ও সম্পদ বৃদ্ধি

২৩. খতিয়ান সম্পর্কে সঠিক উক্তি হলো —

i. হিসাবের স্থায়ী ভান্ডার
ii. লেনদেনের সর্বশেষ আশ্রয়স্থল
iii. খতিয়ান উদ্বৃত্ত হতে রেওয়ামিল প্রস্তুত করা হয়

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. ব্যবসায়ের মূল খতিয়ান বই কোনটি?

ক) ব্যক্তিবাচক খতিয়ান খ) দেনাদার খতিয়ান
গ) পাওনাদার খতিয়ান ঘ) সাধারণ খতিয়ান

২৫. B/D-এর পূর্ণরূপ কী?

ক) Bring Down খ) Brought Down
গ) Bear Down ঘ) Bought Down

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**

রেওয়ামিলের দু'দিক মিলে যাওয়ার পর দেখা যায় যে, টমির নিকট থেকে গৃহীত ৭,০০০ টাকার স্থলে ৮,০০০ টাকা লেখা হয়েছে এবং পাওনাদারকে পরিশোধ ৩২,০০০ টাকার স্থলে ৩১,০০০ টাকা লেখা হয়েছে।

২৬. এ ভুলকে কী ভুল বলা হয়?

ক) স্বয়ংসংশোধক ভুল খ) বাদ পড়ার ভুল
গ) করণিক ভুল ঘ) নীতিগত ভুল

২৭. খতিয়ান তৈরির পর কী তৈরি করতে হয়?

ক) আর্থিক বিবরণী খ) নগদান
গ) রেওয়ামিল ঘ) জাবেদা

২৮. রেওয়ামিলের ছক কীরূপ?

ক) স্বীকৃত খ) অনির্দিষ্ট
গ) নির্দিষ্ট ঘ) সুনির্দিষ্ট

২৯. কোনটি নগদ টাকায় পরিশোধ করা হয়?

ক) প্রদত্ত বাট্টা খ) নগদ বাট্টা
গ) প্রদত্ত কমিশন ঘ) কারবারি বাট্টা

৩০. 'খরিদ্দারদের মধ্যে বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো' জাবেদা কোনটি?

ক) দেনাদার হিসাব ডেবিট, পণ্য হিসাব ক্রেডিট
খ) বিজ্ঞাপন হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
গ) বিবিধ খরচ হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
ঘ) বিজ্ঞাপন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

৩১. ডেবিট নোটের সাহায্যে কোনটি লেখা হয়?

ক) ক্রয় বই খ) বিক্রয় বই
গ) বিক্রয় ফেরত বই ঘ) ক্রয় ফেরত বই

**উদ্দীপকটি পড়ো এবং ৩২-৩৩ প্রশ্নের উত্তর দাও।**

মিসেস কাকলী একজন গম ব্যবসায়ী। তিনি ভারত থেকে প্রতি কুইন্টাল ৩০০ টাকা দরে ১০০ কুইন্টাল ও প্রতি কুইন্টাল ৩৫০ টাকা দরে ১৫০ কুইন্টাল গম ক্রয় করেন এবং প্রতি কুইন্টালে ২ টাকা কুলি খরচ প্রদান করেন। তিনি ১,০০০ টাকা আমদানি শুল্ক ও ১,২০০ টাকা ডক চার্জ দিলেন। অন্যান্য পরোক্ষ খরচ বাবদ প্রতি কুইন্টালে ৪ টাকা ও টেলিফোন খরচ বাবদ ৫০ টাকা প্রদান করেন।

৩২. প্রতি কুইন্টাল গমের ক্রয়মূল্য কত টাকা?

ক) ৩৩৫ টাকা খ) ৩৩৮.২০ টাকা
গ) ৩৪০.৮ টাকা ঘ) ৩৪২.৪০ টাকা

৩৩. ক্রয়কৃত পণ্যের দাম ব্যতীত মিসেস কাকলির প্রত্যক্ষ ব্যয় কত?

ক) ৫০০ টাকা খ) ২,৭০০ টাকা
গ) ৩,০০০ টাকা ঘ) ৩,৭৫০ টাকা

৩৪. মোট বিক্রয়মূল্য নির্ণয়ের সূত্র কোনটি?

ক) মোট ব্যয় – ক্ষতি খ) মোট ব্যয় + মুনাফা
গ) নিট আয় + লাভ ঘ) মোট আয় + লাভ

৩৫. মোট ক্রয়মূল্যের সাথে মুনাফা যোগ করলে কী পাওয়া যায়?

ক) নিট ক্রয়মূল্য খ) প্রত্যক্ষ কাঁচামাল
গ) বিক্রয়মূল্য ঘ) নিট মুনাফা

৩৬. শীল পাবলিকেশন্স থেকে ১০,০০০ টাকার চেক পেয়ে শীল পাবলিকেশন্সকে প্রদান করা হলো। এটি দুইঘরা নগদান বইয়ের কোথায় বসবে?

ক) ডেবিট দিকে নগদ ঘরে ও ক্রেডিট দিকে ব্যাংক ঘরে
খ) ডেবিট ও ক্রেডিট দিকে নগদ ঘরে
গ) ডেবিট ও ক্রেডিট দিকে ব্যাংক ঘরে
ঘ) ডেবিট দিকে ব্যাংক ঘরে ও ক্রেডিট দিকে নগদ ঘরে

৩৭. নগদান বইয়ের জের প্রধানত কীভাবে নির্ণয় করা হয়?

ক) দৈনিক ভিত্তিতে খ) সাপ্তাহিক ভিত্তিতে
গ) মাসিক ভিত্তিতে ঘ) বার্ষিক ভিত্তিতে

৩৮. কোনটি ব্যবসায়ের চালিকা শক্তি?

ক) মালিক খ) নগদ অর্থ
গ) সম্পদ ঘ) জনশক্তি

৩৯. চেক দ্বারা পরিশোধিত লেনদেনসমূহ দুইঘরা নগদান বইয়ের কোথায় লিপিবদ্ধ হবে?

ক) নগদান কলামে খ) ব্যাংক কলামে
গ) ব্যাংক ও বাট্টা উভয় কলামে
ঘ) শুধু বাট্টার কলামে

৪০. 'Journal'-এর বাংলা পরিভাষা হলো —

i. জাবেদা ii. পত্রিকা
iii. দৈনিক বই

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ক |
| | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | খ |
| | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | খ | | | | | | | | | | | | | | | | | | | | | | |